27006 - ফতিরা কাকে দেয়া যাবে

প্রশ্ন

বাজারে কিছু লোক ফতিরা চায়। আমরা জানি না যে, তারা কি দ্বীনদার; নাকি দ্বীনদার নয়? আর কিছু লোকের অবস্থা ভাল। তারা যা ফতিরা পায় নিজেদের সন্তানদের পেছনে ব্যয় করে। আর কিছু লোক বেতন পায়। কিন্তু তারা দ্বীনদারির ক্ষেত্রে দুর্বল। এমন ব্যক্তিদেরকে ফতিরা দেয়া কি জায়েয হবে; নাকি নয়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ফতিরা গরীব মুসলমানদেরকে দিতে হবে; এমনকি তারা যদি পাপী হয় তবুও; যে পাপ তাদেরকে ইসলাম থেকে খারিজ করে দেয় না। যে ব্যক্তি ফতিরা গ্রহণ করছেন; দারিদ্রের ক্ষেত্রে ধর্তব্য হল তার বাহ্যিক অবস্থা; গোপনে সে যদি ধনী হয় তবুও। ফতিরা প্রদানকারীর জন্য বাঞ্ছনীয় সাধ্যানুযায়ী চেষ্টা করা যাতে করে তিনি দরিদ্র ভাল মানুষদেরকে ফতিরা দিতে পারেন। যদি পরবর্তীতে প্রকাশ পায় যে, ফতিরা গ্রহণকারী স্বচ্ছল; এতে করে ফতিরাপ্রদানকারীর কোন অসুবিধা হবে না। বরং তার ফতিরা আদায় হয়ে যাবে। আলহামদু লিল্লাহ।

আল্লাহ্ই তাওফিকদাতা।